

## শিক্ষার্থীদের হতে হবে উদ্যোক্তা ড. পর্নচাই

নিজস্ব প্রতিবেদক ১৪ মার্চ ২০১৯ ০২:১৭

আমাদের সময়

আশুলিয়ায় স্থায়ী ক্যাম্পাসে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৮ম সমাবর্তন অনুষ্ঠানে বক্তা ছিলেন থাইল্যান্ডের সিয়াম ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ড. পর্নচাই মঙ্গখোনভানিত। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, সারা পৃথিবীতে বেকারত্ব সমস্যা প্রকট হচ্ছে। তোমরা যত উচ্চ শিক্ষিত হবে, তোমাদের বেকার হওয়ার সম্ভাবনা তত বেশি। এ অবস্থায় তোমাদের উদ্যোক্তা হতে হবে। তোমরা উদ্যোক্তা হলে আরও অনেকের কর্মসংস্থানও করতে পারবে। গ্র্যাজুয়েটদের সমাজের প্রতি দায়বদ্ধতার কথাও স্মরণ করিয়ে তিনি বলেন, তোমরা নিশ্চয়ই কর্মজীবনে প্রতিষ্ঠিত হবে। সাফল্যের উচ্চাসনে অধিষ্ঠিত হবে। কিন্তু কখনই নিজের দেশ, জাতি, পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান ও মানব সম্প্রদায়ের প্রতি দায়বদ্ধতার কথা ভুলে যেও না।